

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৮৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৮৬]

পর্ব-১৩: সাহু (ভুল) (كِتَابُ السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৪৯: নবী (সা.) -এর ওপর দরুদ পাঠ করার আদেশ

بَابُ الْأَمْرِ بِالصَّلَاةِ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، وَالْحَارِثُ بْنُ مِسْكِينَ قِرَاءَةً عَلَيْهِ وَأَنَا أَسْمَعُ وَاللَّفْظُ لَهُ، عَنْ ابْنِ الْقَاسِمِ، قَالَ: حَدَّثَنِي مَالِكٌ، عَنْ نُعَيْمِ بْنِ عَبْدِ اللَّهِ الْمُجَمَّرِ، أَنَّ مُحَمَّدَ بْنَ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ الْأَنْصَارِيَّ، وَعَبْدُ اللَّهِ بْنُ زَيْدٍ الَّذِي أُرِيَ النَّدَاءَ بِالصَّلَاةِ أَخْبَرَهُ، عَنْ أَبِي مَسْعُودٍ الْأَنْصَارِيِّ، أَنَّهُ قَالَ: أَتَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي مَجْلِسِ سَعْدِ بْنِ عُבَادَةَ، فَقَالَ لَهُ بَشِيرُ بْنُ سَعْدٍ: أَمَرَنَا اللَّهُ عَزَّ وَجَلَّ أَنْ نُصَلِّيَ عَلَيْكَ يَا رَسُولَ اللَّهِ، فَكَيْفَ نُصَلِّيَ عَلَيْكَ، فَسَكَتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى تَمَنَيْنَا أَنَّهُ لَمْ يَسْأَلْهُ، ثُمَّ قَالَ: قُولُوا اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ، وَيَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ، فِي الْعَالَمِينَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ، وَالسَّلَامُ كَمَا عَلِمْتُمْ .

তখরিজ দারالدعوه: صحيح مسلم/الصلاة ١٧ (٢٠٥)، سنن ابى داود/الصلاة ١٨٣ (٩٨٠، ٩٨١)، سنن الترمذی/تفسير سورة الأحزاب (٣٢٢٠)، موطا امام مالک/السفر ٢٢ (٦٧)، مسند احمد ٤/١١٨، ١١٩، ٥/٢٧٣، سنن الدارمی/ال صلاة ٨٥ (١٣٨٢) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1286 - صحيح

বাংলা

১২৮৫. মুহাম্মাদ ইবনু সালামাহ্ ও হারিস ইবনু মিসকীন (রহ.) আবু মাস'উদ আল আনসারী (রাঃ)- হতে বর্ণিত। তিনি বলেন, সা'দ ইবনু 'উবাদাহ (রাঃ)-এর মাজলিসে আমাদের কাছে (একদিন) রাসূলুল্লাহ (সা.) আসলেন। তাকে বাশীর ইবনু সা'দ (রাঃ) জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল! আল্লাহ তা'আলা আমাদেরকে আপনার ওপর দরুদ পড়তে আদেশ করেছেন, আমরা কীভাবে আপনার ওপর দরুদ পড়ব? তখন রাসূলুল্লাহ (সা.) চুপ রইলেন। আমরা প্রত্যাশা করলাম যে, যদি তাঁকে প্রশ্নই না করতো! অতঃপর তিনি বললেন, তোমরা বলবে- “আল-হুম্মা সল্লি আলা মুহাম্মাদিওঁ ওয়া আলা আ-লি মুহাম্মাদিন কামা- সল্লায়তা 'আলা- আ-লি ইবরাহীমা ওয়াবা-রিক 'আলা- মুহাম্মাদিওঁ ওয়া আলা আ-লি মুহাম্মাদিন কামা- বা-রকতা 'আলা- আ-লি ইবরাহীমা ফিল আ-লামীনা ইল্লাকা হামীদুম মাজীদ ওয়াসসালা-মু কামা- 'আলিমতুম” (হে আল্লাহ! তুমি মুহাম্মাদ (সা.) ও তার বংশধরের ওপর রহমত বর্ষণ কর, যেমন তুমি ইব্রাহীম (আঃ)-এর বংশধরের ওপর রহমত বর্ষণ করেছ। আর তুমি মুহাম্মাদ (সা.) ও তাঁর বংশধরের ওপর বরকত বর্ষণ কর, যেমন তুমি পৃথিবীবাসীর মধ্যে ইব্রাহীম আলায়হিস সালাম-এর বংশধরের ওপর বরকত বর্ষণ করেছ। নিশ্চয় তুমি প্রশংসিত গৌরবান্বিত)। আর সালামও করবে যে রূপ তোমরা শিখেছো।

English

49. The Command To Send salah Upon The Prophet

It was narrated that Abu Mas'ud Al-Ansari said: The Messenger of Allah (ﷺ) came to us in the Majlis of Sa'd bin 'Ubadah and Bashir bin Sa'd said to him: 'Allah has commanded us to send Salah upon you, O Messenger of Allah; so how should we send salah upon you?' The Messenger of Allah (ﷺ) remained silent until we wished that he had not asked him. Then he said: 'Say: 'Alahumma salli 'ala Muhammad wa 'ala ali Muhammad, kama sallaita 'ala Ibrahima wa barik 'ala Muhammad kama barakta 'ala ali Ibrahim fil-'alamin, innaka hamidun majid (O Allah, send salah upon Muhammad and upon the family of Muhammad, as You sent salah upon the family of Ibrahim, and send blessings upon Muhammad and upon the family of Muhammad as You sent blessings upon the family of Ibrahim among the nations. You are indeed Worthy of praise, Full of glory.) And the salam is as you know.'

ফুটনোট

সহীহ: মুসলিম ৪০৫, আবু দাউদ ১৯০, তিরমিযী ৩২২০, ৩৪৫০; মুয়াত্তা মালিক (১/১৬৫) হাঃ ৬৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু মাসউদ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87679>

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন